RTI - ৭.৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
শাখা-৪
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন,লেবেল-১৫,৬২/৩,পুরানা
পল্টন,ঢাকা-১০০০।
www.ccie.gov.bd

স্মারক নম্বর: ২৬.০৩.০০০০.০০৪.৯৯.০৩১.২০.২৮

তারিখ: ২৪ পৌষ ১৪২৯
০৮ জানুয়ারি ২০২৩

বিষয়: তথ্য অধিকার আইনের আওতায় আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০২২-২৩ অর্থবছরের ২য় ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য অধিকার আইনের আওতায় আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০২২-২৩ অর্থবছরের ২য় ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত ছক মোতাবেক প্রস্তুতপূর্বক সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংলগ্নি: বর্ণনা মোতাবেক।

৯-১-২০২৩
মোঃ সিরাজুল ইসলাম
সহকারী নিয়ন্ত্রক
ইমেইল: ac3.ho@ccie.gov.bd

সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, রপ্তানি-৫, বাণিজ্য মন্ত্রণালয়

স্মারক নম্বর: ২৬.০৩.০০০০.০০৪.৯৯.০৩১.২০.২৮/১

তারিখ: ২৪ পৌষ ১৪২৯
০৮ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর (প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের সদয় অবগতির জন্য) ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, লেভেল-১৫,
৬২/৩ পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.ccie.gov.bd

**আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের ২০২২-২৩ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক (অক্টোবর/২০২২-ডিসেম্বর/২০২২) তথ্য সংক্রান্ত প্রতিবেদনঃ**

| বিবেচ্য সময়ের মধ্যে প্রাপ্ত সর্বমোট আবেদন সংখ্যা | দপ্তরের নাম বিবেচ্য সময়ের মধ্যে নিষ্পত্তি যোগ্য আবেদন সংখ্যা | অনিষ্পত্তিযোগ্য আবেদন সংখ্যা ও নিষ্পত্তি না করার কারন | নিষ্পত্তিকৃত আবেদনের সংখ্যা | দাবীকৃত নাম্বার |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩)=(১)-(২) | (৪) | (৫)=(৪)/(২)*৬ |
| ০০ | ০০ | ০০ | ০০ | পূর্ণ নাম্বার |

১.২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, লেভেল-১৫,
৬২/৩ পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.ccie.gov.bd

সূত্র নংঃ

বিষয়ঃ তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনার ১.২ কার্যক্রম( স্বতঃপ্রণোদিত ভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ) এর প্রতিবেদন ছক।

এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের স্বতঃপ্রণোদিত ভাবে প্রকাশযোগ্য সকল তথ্য ৩১/১২/২০২২ তারিখের মধ্যে হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

স্বাক্ষর

মোবাইল নাম্বার 01922002977

মোঃ সিরাজুল ইসলাম
বিসিএস (বাণিজ্য)
সহকারী নিয়ন্ত্রক
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

০৮.০১.২৩

অফিস প্রধানের প্রতিস্বাক্ষরঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
জাতীয় ক্রীড়া পরিষদ(NSC)ভবন,লেভেল-১৫,
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.ccie.gov.bd

**বিষয়:** [redacted]

সভাপতি: জনাব শেখ রফিকুল ইসলাম পিএএ, প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।
সভার স্থান: সম্মেলন কক্ষ,আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তর।
সভার তারিখ ও সময়: ০৬/১২/২০২২ খ্রি:, সকাল: ১২.০০ ঘটিকা;

সভাপতি সভার শুরুতে উপস্থিত সভার সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট-ক তে রাখা হলো। পূর্ববর্তী সভার কার্যবিবরণীর কোনরূপ সংশোধন/পরিমার্জন প্রস্তাব না থাকায় তা নিশ্চিত করা হয়। বাণিজ্য মন্ত্রণালয়ের ২৮.১১.২০২২ খ্রিঃ তারিখে (সর্বশেষ) অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত এবং অত্র দপ্তরের ০৬ ডিসেম্বর, ২০২২ খ্রিঃ তারিখের মাসিক সমন্বয় সভার সংশ্লিষ্ট বিষয়াদির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাসহ নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বাণিজ্য মন্ত্রণালয়ের ২৮.১১.২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন ও অগগ্রতি পর্যালোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| ০১ | মন্ত্রিসভা বৈঠকে গৃহিত সিদ্ধান্তসমূহের মধ্যে অবাস্তবায়িত/ বাস্তবায়নাধীন সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন | বিভিন্ন সময়ে মন্ত্রিসভা বৈঠকে গৃহিত সিদ্ধান্তসমূহের মধ্যেযে সকল সিদ্ধান্ত এখনো অবাস্তবায়িত/ বাস্তবায়নাধীন রয়েছে তা জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করতে হবে। | মন্ত্রিসভা বৈঠকে গৃহিত সকল সিদ্ধান্ত সমূহের অবাস্তবায়িত/বাস্তবায়নাধীন সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত রয়েছে। | মন্ত্রিসভা বৈঠকে গৃহিত সকল অবাস্তবায়িত/বাস্থবায়নাধীন সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করতে হবে। | ১.জনাব মোহাম্মদ খায়রুল আলম, যুগ্ম-নিয়ন্ত্রক ( নিয়ন্ত্রকের দায়িত্বে কর্মরত)<br>২. জনাব মোঃ তারিকুল ইসলাম,সহকারী নিয়ন্ত্রক<br>৩. সকল কর্মকর্তা/কর্মচারী |
| ০২ | ২৮ আগস্ট ২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয় পরিদর্শনের সময় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনাবলীর বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা | ২৮ আগস্ট ২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয় পরিদর্শনকালে যে ১২ টি নির্দেশনা প্রদান করেছে তা আন্তরিকতার সাথে যথাযথভাবে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে বাস্তবায়ন করতে হবে। | ২৮ আগস্ট ২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয় পরিদর্শনের সময় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনাবলীর বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত রয়েছে। | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয় পরিদর্শনকালে যে ১২ টি নির্দেশনা প্রদান করেছে তা আন্তরিকতার সাথে যথাযথভাবে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে বাস্তবায়ন করতে হবে। | ১.জনাব মোহাম্মদ খায়রুল আলম, যুগ্ম-নিয়ন্ত্রক ( নিয়ন্ত্রকের দায়িত্বে কর্মরত)<br>২. জনাব মোঃ তারিকুল ইসলাম,সহকারী নিয়ন্ত্রক<br>৩. সকল কর্মকর্তা/কর্মচারী |
| ০৩ | দপ্তর/সংস্থা ও অনুবিভাগের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ও | বাণিজ্য মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নের ফলোআপ প্রতিবেদন প্রতিমাসের ১৫ তারিখের মধ্যে সফট কপি ( ই-নথির পত্র প্রেরণ অপশন এবং ই-মেইলের মাধ্যমে ) এবং হার্ডকপি প্রশাসন -৪ অধিশাখায় প্রেরণ অব্যাহত রাখতে হবে। | বাণিজ্য মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নের ফলোআপ প্রতিবেদন প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে প্রেরণ অব্যাহত রয়েছে। | অত্র দপ্তরের প্রতি মাসের মাসিক সমন্বয় সভা প্রতি মাসের ১০ তারিখের মধ্যে অনুষ্ঠিত হবে এবং তদানুসারে ১৫ তারিখের মধ্যে | জনাব মোঃ তারিকুল ইসলাম, সহকারী নিয়ন্ত্রক ও জনাব মোঃ এমরান হোসেন ,নির্বাহী অফিসার |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বাণিজ্য মন্ত্রণালয়ের ২৮.১১.২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| | অগ্রগতি প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত কার্যক্রম | | | ফলোআপ প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | |
| ০৪ | মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও ট্রেড পোর্টাল নিয়মিত হালনাগাদ করণ সংক্রান্ত কার্যক্রম | (ক) বাংলাদেশ রিজিওনাল কানেক্টিভিটি প্রজেক্ট-১ (BRCP-1) এর আওতায় আইটি এক্সপার্ট নিয়োগ হয়েছে। উক্ত প্রজেক্ট ৩১ ডিসেম্বর,২০২২ পর্যন্ত চলবে। প্রজেক্ট শেষ হওয়ার পর যাতে সমস্যা সৃষ্টি না হয় সে জন্য প্রজেক্ট শেষ হওয়ার পর উক্ত বিষয়টি রপ্তানি উন্নয়ন ব্যুরো দেখভালের (take-over) দায়িত্ব পালন করবে। এ লক্ষ্যে রপ্তানি উন্নয়ন ব্যুরোর অর্গানোগ্রাম সংশোধনপূর্বক প্রয়োজনীয় পদ সৃষ্টির লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(খ) মন্ত্রণালয়ের উইংসমূহকে তাদের কার্যাবলী সর্ম্পকিত হালনাগাদকৃত তথ্য ট্রেড পোর্টালে আপলোড নিশ্চিত করতে হবে। পাশাপাশি দপ্তর/সংস্থাসমূহকেও তাদের কার্যাবলী সংক্রান্ত write up হালনাগাদ পূর্বক ট্রেড পোর্টালে আপলোড অব্যাহত রাখতে হবে; এবং<br>(গ) মন্ত্রণালয় এবং দপ্তর /সংস্থার ওয়েবসাইটের তথ্য হালনাগাদকরণের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ক) অত্র দপ্তরের ওয়েবসাইটের তথ্য হালনাগাদকরণ কার্যক্রম অব্যাহত রয়েছে। (খ) জনাব মোঃ সিরাজুল ইসলাম, সহকারী নিয়ন্ত্রক বাংলাদেশ ট্রেড পোর্টাল বিষয়ে ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করছেন এবং পর্যালোচনা কমিটি নিয়মিতভাবে ট্রেড পোর্টাল পর্যালোচনা করে দপ্তরের হালনাগাদ তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করছে। | ক) আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। আঞ্চলিক দপ্তরসমূহের জন্য ওয়েবসাইট হালনাগাদ সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করতে হবে।<br>(খ) জনাব মোঃ সিরাজুল ইসলাম, সহকারী নিয়ন্ত্রক বাংলাদেশ ট্রেড পোর্টাল বিষয়ে ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করবেন এবং পর্যালোচনা কমিটি নিয়মিতভাবে ট্রেড পোর্টাল পর্যালোচনা করে দপ্তরের হালনাগাদ তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | জনাব মোঃ সিরাজুল ইসলাম, সহকারী নিয়ন্ত্রক ও জনাব মোঃ জাহিদুল আলম চৌধুরী,নির্বাহী অফিসার এবং জনাব মোঃ আসাদুজ্জামান, সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ০৫ | ই-ফাইলিং ও হার্ড ফাইল ব্যবহার সংক্রান্ত কার্যক্রম | (ক) মন্ত্রণালয়সহ দপ্তর/সংস্থার সকল কার্যক্রম ই-ফাইলিং এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। ই-ফাইলিং এর কার্যক্রম এর পত্র জারির মাধ্যমে নিস্পন্ন করতে হবে। মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থাসমূহে হার্ড ফাইলে নিস্পত্তির সংখ্যা কমিয়ে ই-ফাইলে নিস্পত্তির সংখ্যা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) প্রাপ্ত পত্রসমূহে শাখা/অধিশাখা থেকে উপস্থাপনের ক্ষেত্রে পত্র প্রাপ্তির তারিখ উল্লেখসহ নোটে সংশ্লিষ্ট আইনের উল্লেখ থাকতে হবে এবং নোট লিখনে অধিক যত্নবান হতে হবে;<br>(গ) মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থায় আগত পত্রসমূহ হার্ড ফাইলে নিস্পত্তির ক্ষেত্রে সচিবালয় নির্দেশমালা -২০১৪ অনুসরণপূর্বক তা দ্রুত নিস্পত্তি লক্ষ্যে কার্যক্রম গ্রহণ অব্যাহত রাখতে হবে; এবং<br>(ঘ) ই-নথিতে নিস্পত্তি বৃদ্ধির লক্ষ্যে কেন্দ্রীয়ভাবে High speed স্ক্যানার দিয়ে চিঠিপত্রের হার্ড কপি স্ক্যান করে সংশ্লিষ্ট অনুবিভাগে ই-নথির মাধ্যমে প্রেরণ করতে হবে। অনুবিভাগ প্রধানগণ ই-নথির মাধ্যমে নিস্পত্তির জন্য তার আওতাধীন সংশ্লিষ্ট শাখা/অধিশাখায় পত্র প্রেরণ করবেন। অতঃপর শাখা/অধিশাখা থেকে ই-নথিতে নিস্পত্তির জন্য পত্র উপস্থাপন অব্যাহত রাখতে হবে। | (ক) অত্র দপ্তরের সকল কার্যক্রম ই-ফাইলিং এর মাধ্যমে প্রায় ১০০% নিস্পত্তি করা হচ্ছে। | ১. অত্র দপ্তরের সকল কার্যক্রম ই-ফাইলিং এর মাধ্যমে প্রায় ১০০% নিস্পত্তি করা হচ্ছে যা অব্যাহত রাখতে হবে।<br>০২. সকল আঞ্চলিক অফিসে ই-নথি কার্যক্রম চালু করার জন্য A2i (এটুআই) এর সাথে জরুরী ভিত্তিতে আলোচনা করে সকল আঞ্চলিক অফিসে ই-নথি কার্যক্রম চালু করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জনাব মোঃ সিরাজুল ইসলাম, সহকারী নিয়ন্ত্রক ও জনাব মোঃ জাহিদুল আলম চৌধুরী,নির্বাহী অফিসার। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বাণিজ্য মন্ত্রণালয়ের ২৮.১১.২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| | | | | (গ) দ্রুত সময়ের মধ্যে Citizen's Charter হালনাগাদ করতে হবে।<br>(ঘ) ওয়েবসাইটে বার্ষিককর্মসম্পাদন চুক্তির আপলোডকৃত সংযোজনী-২ এ বর্ণিত কার্যক্রমের বিপরীতে সংশ্লিষ্ট প্রমাণক সংরক্ষণ করতে হবে। | |
| ১২ | ২০২২-২০২৩ অর্থবছরের NIS বাস্তবায়ন সংক্রান্ত | ২০২২-২০২৩ অর্থবছরের NIS বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করে তা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। একই সাথে ২০২২-২০২৩ অর্থবছরের NIS বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো। | বাণিজ্য মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী ২০২২-২০২৩ অর্থবছরের NIS বাস্তবায়নের লক্ষ্যে অত্র দপ্তর কাজ করে যাচ্ছে। | ২০২২-২০২৩ অর্থবছরের NIS বাস্তবায়নের লক্ষ্যে চিহ্নিত কর্মপন্থা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে এবং যথাসময়ে APAMS সিস্টেমে ইনপুট দিতে হবে। | জনাব মোঃ সিরাজুল ইসলাম, সহকারী নিয়ন্ত্রক এবং জনাব মোঃ জাহিদুল আলম চৌধুরী, নির্বাহী অফিসার। |
| ১৩ | ২০২২-২০২৩ অর্থ বছরের তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি | ২০২২-২০২৩ অর্থ বছরের তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। এর পাশাপাশি,এতসদংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে নিয়মিত আপলোড করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে বলা হলো। | ২০২২-২০২৩ অর্থ বছরের তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করার প্রচেষ্টা অব্যাহত রয়েছে। | ২০২২-২০২৩ অর্থ বছরের তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে। | জনাব মোঃ সিরাজুল ইসলাম, সহকারী নিয়ন্ত্রক এবং জনাব মোঃ জাহিদুল আলম চৌধুরী, নির্বাহী অফিসার। |
| ১৪ | ২০২২-২০২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি | ২০২২-২০২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | ২০২২-২০২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন নির্ধারিত সময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ অব্যাহত রয়েছে। কর্মপরিকল্পনার ১.৪ অনুযায়ী তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি/ হালনাগাদকরণ করা হয়েছে। | ২০২২-২০২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক বাস্তবায়ন করতে হবে। | জনাব মোঃ সিরাজুল ইসলাম, সহকারী নিয়ন্ত্রক এবং জনাব মোঃ জাহিদুল আলম চৌধুরী, নির্বাহী অফিসার। |
| ১৫ | সংস্কার বিষয়ক কার্যক্রম | (ক) ব্যবসা-বাণিজ্য সহজীকরণ বিষয়ক: ব্যবসা-বাণিজ্য সংক্রান্ত কার্যক্রমে গতিশীল ও সক্রিয় রাখার জন্য যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর এবং আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরকে তাদের নিম্নোক্ত সংস্কার কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(১) যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর:<br>সিদ্ধান্ত : যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর ডিজিটাল স্বাক্ষর ( Digital Signature) এর কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। এ কার্যক্রম সম্পর্কে জনগণকে অবহিত করার জন্য প্রচারণা অব্যাহত রাখতে হবে। | ক) সিসিআইএন্ডই এর অবশিষ্ট সেবাসমূহকে OLM এর আওতায় এনে সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>(খ) জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮ এর আওতায় বাণিজ্য মন্ত্রণালয়ের পরিকল্পনায় গৃহীত কর্মপরিকল্পনাসমূহ অত্র দপ্তরের সেবাসমূহ সম্পূর্ণ অটোমেশন প্রক্রিয়ায় | ১. OLM এর মাধ্যমে জমাকৃত সকল প্রকার আবেদন দ্রুততম সময়ে নিষ্পত্তি নিশ্চিতকরণে সকল কর্মকর্তা/কর্মচারীকে একান্ত প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | জনাব মোঃ সিরাজুল ইসলাম, সহকারী নিয়ন্ত্রক ও জনাব মোঃ জাহিদুল আলম চৌধুরী |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বাণিজ্য মন্ত্রণালয়ের ২৮.১১.২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| | | (২) আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর:<br>সিদ্ধান্ত: মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন (মহান স্বাধীনতার ৫০ বছর পূর্তি) উপলক্ষ্যে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর ৫০ টি সেবাকে Online (OLM) এর মাধ্যমে প্রদান করা হচ্ছে। উক্ত সেবার মান বজায় রাখা নিশ্চিত করার জন্য প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। ব্যবসা সহজীকরণের উদ্দেশ্যে ইমপোর্ট রেজেস্ট্রশন সার্টিফিকেট (আইআরসি) এবং এক্সপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (ইআরসি) নবায়নের মেয়াদ নবায়নের তারিখ থেকে ০৫ (পাঁচ) বছর পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। এর পাশাপাশি, Freelancing এর ক্ষেত্রে এক্সপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (ইআরসি) বিলুপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।<br><br>(৩) রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি):<br>সিদ্ধান্ত: ব্রিটেনসহ ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশসমূহে GSP সুবিধা পাওয়ার জন্য Certificate of Origin ইস্যুকরণ সংক্রান্ত কার্যক্রম REX সিস্টেমের আওতায় Online করা হয়েছে। এ জন্য ইপিবি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয় এবং এর ধারাবাহিকতায় ইপিবি এর অন্যান্য সেবাসমূহেকেও Digitization এর আওতায় আনয়ন করার জন্য প্রচেষ্টা চালাতে সংশ্লিষ্ট সকলকে বলা হলো।<br><br>(খ) আইসিটি বিষয়ক:<br>(১) জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা, ২০১৮ এর আওতায় বাণিজ্য মন্ত্রণালয় সংশ্লিষ্ট গৃহীত কর্ম-পরিকল্পনাসমূহ যেমন: বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার (BNDA) বাস্তবায়ন করা, ই-নথি ব্যবহার বৃদ্ধি করা এবং বাণিজ্য মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থার যেমন: রপ্তানি উন্নয়ন ব্যুরো, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর , বাংলাদেশ চা বোর্ড এবং যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরসহ অন্যান্য দপ্তর কর্তৃক প্রদত্ত সেবাসমূহ সম্পূর্ণরুপে অটোমেশন নিশ্চিত করার লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(২) Digital Services Design Lab (DSDL) এর মাধ্যমে Procurement কার্যক্রম গ্রহণ, My Gov apps ব্যবহারের মাধ্যমে Digital Service বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ এবং Innovation এর মাধ্যমে Service Simplification কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। পাশাপাশি বাণিজ্য মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় চূড়ান্তকৃত উদ্ভাবনসমূহ ওয়েবসাইটে আপলোড অব্যাহত রাখতে হবে। এজন্য আন্তরিকভাবে মনিটরিং ও অব্যাহত রাখতে হবে।<br>(গ) সুশাসন: মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী বাণিজ্য মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে অনুবিভাগ প্রধান ও দপ্তর/সংস্থা প্রধানগণকে নিবিড় মনিটরিং অব্যাহত রাখতে হবে। | নিশ্চিত করার লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রয়েছে। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | বিবিধ | ১.অত্র দপ্তরের সকল অফিসকে মাসিক সমন্বয় সভায় অনলাইনে যোগদান করতে হবে।<br>২. সকল আঞ্চলিক দপ্তর প্রধানগণ তাদের নিজ দপ্তরের সামগ্রিক কার্যক্রম তুলে ধরেন এবং এ প্রেক্ষিতে আঞ্চলিক দপ্তর সমূহের সেবার মান উন্নয়নের বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়-<br>(ক) সকল আঞ্চলিক অফিসের স্টেক হোল্ডারদের নিয়ে বৈঠক আয়োজন করতে হবে এবং সেবার মান উন্নয়ন ও সমস্যা চিহ্নিতকরণে তাদের মতামত গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে।<br>(খ) আইটি সিস্টেমর ক্রমাগত উন্নয়ন এবং ব্যবহার বাস্তব করার জন্য নিরবিচ্ছিন্ন প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>(গ) ঢাকা আঞ্চলিক কার্যালয়ের নিয়ন্ত্রক জনাব মোহাম্মদ আওলাদ হোসেন উল্লেখ করেন যে, অত্র দপ্তরের ০৩ জন সহকারী নিয়ন্ত্রকের পদের বিপরীতে বর্তমানে মাত্র ০১ (এক) জন সহকারী নিয়ন্ত্রক কর্মরত থাকায় অত্র দপ্তরের কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। সহকারী নিয়ন্ত্রকের শূণ্য পদ সমূহের বিপরীতে দ্রুত পদায়ন/সংযুক্তিতে পদায়েনর জন্য প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br>(ঘ) চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ের নিয়ন্ত্রক জনাব মোঃ আব্দুর রহিম উল্লেখ করেন যে, আইটি সংক্রান্ত সমস্যা দ্রুত চিহ্নিতকরণসহ আইটি সেক্টরকে আরো বেশি তৎপর ও সেবা বাস্তব হওয়ার গুরুত্ব তুলে ধরেন।<br>(ঙ) কুমিল্লা আঞ্চলিক কার্যালয়ের বিদ্যমান অফিস স্থানান্তর পূর্বক শহরের গুরুত্বপূর্ণ পয়েন্টে স্থাপনের জন্য সিদ্ধান্ত নেওয়া হয়। এক্ষেত্রে পিডব্লিউর বিদ্যমান রেট অনুযায়ী অফিস ভবন ভাড়া চুক্তি স্বাক্ষরের জন্য বলা হয়।<br>(চ) রাজশাহী আঞ্চলিক কার্যালয়ের উপ-নিয়ন্ত্রক জনাব মোঃ মাহমুদুল হক উল্লেখ করেন যে, তার দপ্তরের বাৎসরিক যে বাজেট দেওয়া হয় তা খুবই কম। সেখানে TA/DA বিল ২০,০০০/- (বিশ হাজার) টাকা যা খুবই নগণ্য কারণ অত্র দপ্তরের অনেক তথ্য প্রধান কার্যালয়ে প্রেরণ করার প্রয়োজন পড়ে এবং মনিহারী খাতে বাজেট বরাদ্দ কম। তাই বাজেট বরাদ্দ বৃদ্ধির করার জন্য প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেছেন।<br>(ছ) খুলনা আঞ্চলিক কার্যালয়ের যুগ্ম-নিয়ন্ত্রক জনাব মোহাম্মদ খায়রুল আলম উল্লেখ করেন যে, সকল আঞ্চলিক অফিসের কার্যক্রম ই-নথিতে করার জন্য মতামত পেশ করেন।<br><br>(জ) সিলেট আঞ্চলিক কার্যালয়ের সহকারী নিয়ন্ত্রক জনাব মোঃ হাবিবুর রহমান সুমন উল্লেখ করেন যে, সিলেট আঞ্চলিক অফিসটি এখন যে জায়গায় আছে তা খুবই জরাকীর্ণ এবং অনেক পুরাতন। যা ১৯৮২ সালে ৪০ বছর আগে ভাড়া নেওয়া হয়েছিল। যেখানে একটি মাত্র টয়লেট যা নারী-পুরুষ উভয়কেই শেয়ার করতে হয়। এমতাবস্থায়, সিলেট আঞ্চলিক অফিসটি স্থানান্তরের জন্য অনুরোধ করেছেন। এতে অত্র দপ্তরের প্রধান নিয়ন্ত্রক মহোদয় উক্ত দপ্তরকে পিডব্লিউ বিদ্যমান রেটে উন্নত পরিবেশে ডিসি অফিসের কাছে স্থানান্তরের জন্য অনুমতি জ্ঞাপন করেছেন।<br><br>(ঝ) আইটি সমস্যা সমাধানের জন্য প্রতিষ্ঠানের মনোনীত ব্যক্তিকে অফিস আইডি নিয়ে আসতে হবে। | পরবর্তী সভায় গৃহীত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করতে হবে। | জনাব মোহাম্মদ খায়রুল আলম, যুগ্ম-নিয়ন্ত্রক (নিয়ন্ত্রকের দায়িত্বে কর্মরত )<br>এবং<br>জনাব মোঃ তারিকুল ইসলাম ,সহকারী নিয়ন্ত্রক (প্রশাসন) |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাটি সুষ্ঠুভাবে সম্পন্ন করায় উপস্থিত সকলকে আবারও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয় ।

০৬.১২.২২

(শেখ রফিকুল ইসলাম পিএএ)
প্রধান নিয়ন্ত্রক
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর,ঢাকা।
ফোন -০২-৪১০৫০২২৪
Controller.chief@ccie.gov.bd